

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd


স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১১.২০২৩- ২২৭

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বস্বত্বভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৩” এর ৩য় গ্রুপের (ঢাকা ও চট্টগ্রাম বিভাগ) গত ১৪ জুন ২০২৩ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১১.২০২৩-৩১০ নং স্মারকে জারীকৃত বিজ্ঞাপনের আলোকে ২৯ মার্চ ২০২৪ তারিখে ২১ জেলায় (ঢাকা, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, টাংগাইল, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া) গৃহীত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনলাইনে আবেদনের আপলোডকৃত ছবি, আবেদনের কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের সনদপত্র, জাতীয় পরিচয়পত্র এবং শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, পোষ্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে ০৬ মে ২০২৪ তারিখের মধ্যে স্ব স্ব জেলা প্রাথমিক শিক্ষা অফিসে আবশ্যিকভাবে জমা দিয়ে প্রাপ্তি স্বীকারপত্র সংগ্রহ করতে হবে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি (সত্যায়িত) জমা প্রদানের সময় উক্ত কাগজপত্রের মূল কপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে প্রদর্শন করতে হবে। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীগণ ০৬ মে ২০২৪ তারিখের মধ্যে উপরে উল্লিখিত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে তাদের অনুকূলে মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করা হবে না।

২। মৌখিক পরীক্ষার সময় উপরে বর্ণিত সকল সনদপত্র, প্রাপ্তি স্বীকারপত্র ও অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রার্থীকে সঙ্গে আনতে হবে। মৌখিক পরীক্ষার তারিখ সংশ্লিষ্ট জেরা প্রাথমিক শিক্ষা অফিস থেকে পরবর্তীতে জানানো হবে।



(মনিষ চাকমা)
পরিচালক (অতিরিক্ত সচিব)
পলিসি ও অপারেশন বিভাগ
ফোন-৫৫০৭৪৯১৮

ই-মেইল: dirpolicydpe@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৪। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা(প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। জেলা প্রশাসক (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা), ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৬। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা), ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- ৮। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।